



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

23 AUGUST 2024

7:35 AM IST

=====

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আজ হাইলাকান্দি রবীন্দ্র ভবনে দলীয় কর্মকর্তাদের সঙ্গে এক বৈঠক মিলিত হবেন। এছাড়া মুখ্যমন্ত্রী আজ করিমগঞ্জ জেলা গ্রন্থাগার প্রেক্ষাগৃহে দলীয় কর্মকর্তাদের সঙ্গে বৈঠকে মিলিত হওয়ার পাশাপাশি বদরপুর চৈতন্যনগরের জগন্নাথ আশ্রম পরিদর্শন করবেন। মুখ্যমন্ত্রী আগামীকাল সকালে শিলচরে জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে উন্নয়ন মূলক কাজের পর্যালোচনা বৈঠকে যোগ দিয়ে গুয়াহাটী ফিরে যাবেন।

শিলচর শহরের সড়ক বিশেষ করে ক্যাপিটেল পয়েন্ট থেকে মেডিক্যাল কলেজ পর্যন্ত সড়ক সংস্কারের কাজ আগামী দুর্গা পূজোর আগে শেষ করা হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন।

এদিকে লক্ষীপুরের শিলঘাটে বরাক নদীর উপর ৩৪০ মিটার দৈর্ঘ্যের সেতু নির্মানের কাজ শেষ হয়ে গেলে সোনাই ও লক্ষীপুরের মধ্যে যোগাযোগ ব্যবস্থা আরো সহজ ও উন্নত হবে এবং এই সেতু নির্মানের কাজ আগামী ২ বছরের মধ্যে শেষ করা হবে। গতকাল লক্ষীপুরের শিলঘাটে নব নির্মিত সেতুর শিলান্যাস করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা একথা বলেন।

অনুষ্ঠানে বিধায়ক কৌশিক রাই , মিহির কান্তি সোম ,দিপায়ন চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন । এরপর ডঃ শর্মা ধলাই বিধানসভার অন্তর্গত বড়জালেঙ্গায় মডেল ডিগ্রী কলেজের ভূমি পূজো করেন । অনুষ্ঠানে মুখ্যমন্ত্রীর সঙ্গে সাংসদ পরিমল শুকবৈদ্যও উপস্থিত ছিলেন । পরে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে মুখ্যমন্ত্রী জানান যে আগামী ২০ থেকে ২৫ মাসের মধ্যে বড়জালেঙ্গা মডেল ডিগ্রী কলেজের নির্মাণ কাজ শেষ করা হবে । মুখ্যমন্ত্রী ধলাইয়ে ৫০ শয্যা বিশিষ্ট হাসপাতাল , উদ্বারবন্দে একটি নতুন হাসপাতাল ও ১০ কোটি বাজেটের একটি মিনি স্টেডিয়াম নির্মাণের কথা ঘোষণা করেন ।

করিমগঞ্জ জেলা প্রশাসনের উদ্যোগে ও জেলা শিক্ষা বিভাগের সহযোগিতায় আরোহন প্রকল্পের অধীনে জেলা পর্যায়ের ওরিয়েন্টেশন কার্যসূচী ও প্রশ্নোত্তর পর্ব গতকাল অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত মৃদুল যাদব সকালে করিমগঞ্জ রবীন্দ্রসদন মহিলা কলেজে প্রদীপ প্রজ্জ্বলন করে কার্যসূচীর সূচনা করেন । অনুষ্ঠানে জেলা আয়ুক্ত শিক্ষার্থীদের ক্যারিয়ার গড়ে তুলতে নিজেদের পছন্দ অনুসারে লক্ষ্য স্থির করে নিতে এবং লক্ষ্যে উপনীত হওয়ার জন্য মন সংযোগ সহকারে পড়াশোনা ও বাহ্যিক জ্ঞান আহরণ করার পরামর্শ প্রদান করেন । অনুষ্ঠানে পুলিশ সুপার পার্থপ্রতীম দাস , সহকারী আয়ুক্ত ও আরোহণ প্রকল্পের নোডাল আধিকারীক প্রিয়াংকা ইয়ুমনাম প্রমুখ উপস্থিত ছিলেন ।

করিমগঞ্জের অতিরিক্ত জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জেলার পাঁচটি হজ সেবা কেন্দ্রের নাম জানিয়েছেন । এই সেবা কেন্দ্রগুলি হচ্ছে - কানিশাইল হজ সেবা কেন্দ্র , বদরপুর এম বাজারের নিকটে এম এস কমপ্লেক্স , নিলামবাজার হজ সেবা কেন্দ্র , লঙ্গাই রোডের আইটেক কম্পিউটার , রাতাবাড়ি হজ সেবা কেন্দ্র , পাথারকান্দি হজ সেবা কেন্দ্র পাথারকান্দি । উল্লেখ্য করিমগঞ্জ জেলা হজ কমিটির

গত ১৯শে অগাষ্ট অনুষ্ঠিত বৈঠকের সিদ্ধান্ত অনুসারে হজ সেবা কেন্দ্রগুলির তালিকা প্রকাশ করা হয়েছে। বিজ্ঞপ্তিতে জেলা হজ কমিটির যুগ্ম সচিব বাহা উদ্দিন চৌধুরীকে নির্বাচিত করা হয়েছে।

সোনাই রাজস্ব চক্র আধিকারীক এক বিজ্ঞপ্তিতে সোনাই তহশীলে জমির রাজস্ব সংগ্রহের জন্য আগামী ২৮শে অগাষ্ট শিবির স্থাপন করা হবে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে সুন্দরী গ্রাম পঞ্চায়েতের এক থেকে চতুর্থ খন্ড, রুকনী গ্রাম পঞ্চায়েতের এক থেকে চতুর্থ খন্ড এবং বিদ্রোহী পাড়ের জমির খাজনা পালংঘাট সাব রেজিষ্টার কার্যালয়ে, সাদাগ্রাম, সপ্তগ্রাম এবং দুলাল গ্রামের খাজনা ধলাই ফরেষ্ট রেঞ্জ কার্যালয়ে এবং নরসিংপুর গ্রাম পঞ্চায়েতের এক থেকে চতুর্থ খন্ড, বেরাবাক, কাজিডহর, সৈয়দপুর এলাকার খাজনা নরসিংপুর খন্ড উন্নয়ন আধিকারীকের কার্যালয়ে জমা করা যাবে।

করিমগঞ্জের খাদ্য, গনবন্টন ও গ্রাহক বিষয়ক বিভাগ থেকে এক বিজ্ঞপ্তিতে জেলার সেপ্টেম্বর মাসের জাতীয় খাদ্য সুরক্ষা যোজনার অধীনে প্রধানমন্ত্রী গরীব কল্যান অন্ন যোজনার বিনামূল্যের চাল বরাদ্দ করা হয়েছে। এই চাল অন্ত্যেদয় অন্ন যোজনায় রেশন কার্ড পিছু ৩৫ কিলোগ্রাম এবং প্রায়োরিটি হাউস হোল্ড কার্ডধারীদের মাথা পিছু পাঁচ কিলোগ্রাম করে বিতরণ করতে নির্দেশ দেওয়া হয়েছে। বিজ্ঞপ্তিতে নায্য মূল্যের দোকান মালিকদের আগামী ৩১শে আগষ্টের আগে চাল সংগ্রহ করতে নির্দেশ দেওয়া হয়েছে।

শিলচরের অভ্যুদয় সামাজিক ও সাংস্কৃতিক সংস্থার প্রথম বার্ষিক অনুষ্ঠান আগামী ২৪শে অগাষ্ট শিলচর গান্ধীভবনে অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানে শিলচর রামকৃষ্ণ মিশন সেবাপ্রমের অধ্যক্ষ স্বামী গণধীশানন্দজী মহারাজ উপস্থিত থাকবেন।

শিলচরের চৌধুরী আই হসপিটালের উদ্যোগে আগামী ২৫শে অগাষ্ট শিলকুড়ির ধরমখাল চা বাগানে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

এদিকে লায়ন্স ক্লাব অফ শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ বদরপুর গ্রেটারের সহযোগীতায় আগামী ২৭শে অগাষ্ট বদরপুর জি আর পি কলোনীর ভারত স্কাউটস এন্ড গাইড কার্যালয় প্রাঙ্গনে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটিও সকাল ১০টায় শুরু হবে ।

ধলাই-র মাতৃভূমি কাপ প্রাইজমানি ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় মথুরাপুর এফ সি মুখোমুখি হবে ডিমা রাজি ওয়ারিয়র দলের বিরুদ্ধে ।

ধলাই বাম নিত্যানন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় জামালপুর এফ সি ৫-১ গোলে ভাগা বাম ডেভোলাপমেন্ট দলকে পরাজিত করে কোয়ার্টার ফাইনালে প্রবেশ করে ।
